



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ৮ এপ্রিল ২০১৬

উদ্ধৃতি

গ্রীক শ্রম, সামাজিক বীমা এবং সামাজিক ঐক্য বিষয়ক মন্ত্রীর সাথে বাংলাদেশের রাষ্ট্রদূতের সাক্ষাত

বাংলাদেশ এবং গ্রীস দ্বিপাক্ষিক সম্পর্কে আরো জোরদার করার লক্ষ্যে একযোগে কাজ করে যাবে। এলক্ষ্যে দুদেশ সহযোগিতার নতুনতর ক্ষেত্র উন্মোচনের প্রচেষ্টা অব্যাহত রাখবে। আজ সকালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন এবং গ্রীস সরকারের শ্রম, সামাজিক বীমা এবং সামাজিক ঐক্য বিষয়ক (Labour, Social Insurance and Social Solidarity) মন্ত্রী জর্জ কাতরুগালসের মধ্যে এক বৈঠককালে এ আশাবাদ ব্যক্ত করা হয়। বৈঠকে বাংলাদেশের রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে গ্রীক মন্ত্রীকে অবহিত করেন। তিনি গ্রীসের সাথে বাংলাদেশের ঐতিহাসিক সম্পর্কের কথা উল্লেখ করে এই সম্পর্ক আরো জোরদার করার উপর গুরুত্ব দেন। রাষ্ট্রদূত জসীম উদ্দিন গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের অবসর গ্রহণের পর পেনশন বিষয়ক জটিলতার কথা উল্লেখ করে তার আশু সমাধানের অনুরোধ জানান। গ্রীক শ্রম মন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রদূতকে এ সমস্যা সমাধানের লক্ষ্যে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। এছাড়া, উভয়পক্ষ শ্রম বিষয়ে সম্ভাব্য সহযোগিতার বিভিন্ন ক্ষেত্র নিয়েও আলাপ-আলোচনা করেন।

উদ্ধৃতি সমাপন

Tarikul Islam
Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece
08.08.2016



*Embassy of the People's Republic
of Bangladesh
Athens*

**Bangladesh Embassy
Athens, Greece**

8 April 2016

Press Release

Bangladesh Ambassador meets the Greek Labour Minister

Bangladesh and Greece will work together to further strengthen the bilateral relation. To this end the two countries will continue efforts to explore new areas of cooperation. The view was expressed at a meeting this morning between Bangladesh Ambassador to Greece, Md. Jashim Uddin and Greek Minister for Labour, Social Insurance and Social Solidarity, Georgios Katrougalos. During the meeting the Bangladesh Ambassador briefed the Greek Minister about the various development activities undertaken by the government of Prime Minister Sheikh Hasina. Referring to the historic connection between Greece and Bangladesh, the Bangladesh Ambassador emphasized the need for further cementing the relation. Ambassador Jashim Uddin informed the Greek labour Minister about the difficulties faced by the Bangladeshis in obtaining pension benefits after their retirement and requested the Minister for its early resolution. The Greek Minister assured the Ambassador to do everything possible to solve the problem. The two sides also discussed about the potential areas of cooperation in the manpower sector.

Tarikul Islam
Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece
08.04.2016